# জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
বাংলাদেশ

স্মারক নং- ০৫(১৮৩)জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিপিএড/৯৯/২০১৩(অংশ-৫)/১২৮৩৮ তারিখঃ ৩০/০৭/২০২৫

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) দ্বিতীয় সেমিস্টার পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদানের তারিখ, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১। **শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম পূরণ ও জমা করার তারিখ ঃ**

| | | |
|---|---|---|
| ক) | শিক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ | ০৩/০৮/২০২৫ হতে ১৯/০৮/২০২৫ পর্যন্ত |
| খ) | শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ | ২১/০৮/২০২৫ বিকাল ৪.০০ পর্যন্ত |
| গ) | ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) | ২৪/০৮/২০২৫ হতে ২৫/০৮/২০২৫ |
| ঘ) | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) | ২৬/০৮/২০২৫ হতে ২৭/০৮/২০২৫ |

২। **পরীক্ষার ফি (জন প্রতি) ঃ**

| | | |
|---|---|---|
| ক) | নিয়মিত / অনিয়মিত | ৩,০০০/- |
| খ) | ব্যবহারিক পরীক্ষার ফি | ১,১০০/- |
| গ) | মান-উন্নয়ন ফি (প্রতিপত্র) | ৫০০/- |
| ঘ) | বিশেষ অন্তর্ভুক্তি ফি (মান উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) | ৫০০/- |
| ঙ) | কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না) | ৫০০/- |
| চ) | ট্রান্সক্রিপ্ট + সনদ (৫০০/- টাকা + ৩০০/-টাকা) | ৮০০/- |

| পরীক্ষার নাম | শিক্ষাবর্ষ | শর্তাবলী |
|---|---|---|
| | নিয়মিত | |
| ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা ২০২৪ | ২০২৪ | ১। উক্ত শিক্ষা বর্ষ ব্যতিত কেউ ফরম পূরণ করতে পারবে না।<br>২। পূর্বে প্রথম সেমিস্টার পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে কোন পরীক্ষার্থী ফরম পূরণ করা যাবে না।<br>৩। ২০২৩ সালের দ্বিতীয় সেমিস্টার পরীক্ষায় 'C/D' গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থীরা ২০২৪ সালে মানউন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, তবে অনুপস্থিত (NA) বা অকৃতকার্য ('F' গ্রেড প্রাপ্ত) পরীক্ষার্থীরা সর্বোচ্চ ০২ বার পরীক্ষা দিতে পারবে। তবে চূড়ান্ত CGPA প্রাপ্ত পরীক্ষার্থীরা কোন অবস্থাতেই মান উন্নয়ন পরীক্ষা দিতে পারবে না। |
| | অনিয়মিত | |
| | ২০২৩ ও ২০২২ | |

৪। **পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :**

**জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) সেমিস্টার কোর্সের সংশোধিত রেগুলেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী উক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

৫। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://ems.nu.ac.bd) এ গিয়ে **Apply to online form Fill-up (For Student)** লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফি সহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেনদকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

ঘ) যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী নিজেই বা কলেজ কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে জানাতে হবে এবং পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না।

৬। **অনলাইনে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি (কলেজের জন্য) ঃ**

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd )-এ গিয়ে College Log in (Admin) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন। উল্লেখ্য **Incourse** নম্বর ছাড়া ফরম পূরণ নিশ্চয়ন হবে না (মানোন্নয়ন পরীক্ষার্থী ব্যতিত)।

খ) মান উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন পরীক্ষা দিতে ইচ্ছুক সে গুলির বিষয় কোড এন্ট্রি করতে হবে।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কিনা তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

ঘ) শিক্ষার্থীর ডাটা সফটওয়ারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঙ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথাযথ নিয়মে পরীক্ষার্থী বিবরণী, ফি বিবরণী সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে।

চ) যদি কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয়, তবে তা সরবরাহ করতে হবে। (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর দুই বছর পর্যন্ত অধ্যক্ষ সংরক্ষন করবেন)

ছ) বিবরণী ফরম পূরণের পর কোন পরীক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য পরীক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।

৭। **বিবরণী ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলী :**

ক) বিবরণী ফরম অনলাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিটি সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে।

খ) পরীক্ষার্থীদের ফি পূর্বের মত জাতীয় বিশ্ববিদ্যালযের অনুকূলে ডিডি করার পরিবর্তে **"সোনালী সেবা"** এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

গ) সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd) এ Service মেনুতে গিয়ে সোনালী সেবা Link থেকে Log in করে Pay Slip ডাউনলোড করতে হবে। এবং ফি জমার পর কলেজের Status paid হয়েছে কিনা নিজ দায়িত্বে যাচাই করতে হবে।

ঘ) Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ) ব্যাংকে প্রচলিত অন্য কোন পদ্ধতিতে কোনক্রমেই ফি প্রদান করা যাবে না। **পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না।** শুধুমাত্র সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

চ) প্রশ্নপত্রের চাহিদা ও ইনকোর্সের ম্যানুয়াল কপি জমা দিতে হবে।

৮। **ইনকোর্স নম্বর জমা দেয়ার নিয়মাবলী :**

ইনকোর্স নম্বরের প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে।

০৯। **পরীক্ষা পরিচালনা:**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যেকেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ,পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

১০। **উক্ত পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।**

জনাব মোঃ জাকের হোসেন (অতি:পরীক্ষা নিয়ন্ত্রক) - ০১৭১১-১৬২৬৭৬
মোক্তাদিরুল ইসলাম রাজু- ০১৭৩৭-৭৭৩৩৯৩ (ems এর প্রয়োজনে যোগাযোগ করুন)

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭
E-mail-controller@nu.ac.bd

স্মারক নং- ০৫(১৮৩)জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিপিএড/৯৯/২০১৩(অংশ-৫)/ ১২৬৯৮ তারিখ ঃ ৩০/ ০৭/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
৩। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। সহকারী রেজিস্ট্রার, প্রো- ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
৬। অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ।
৭। অফিস নথি।

(মোঃ জাকের হোসেন)
অতি: পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ